দৈনিক ইনকিলাব

তারিখ 06 DEC 1998
পৃষ্ঠা ৩ কলাম ৪

### চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আয়োজিত সেমিনারে বক্তাবৃন্দ

# নিজস্ব সংস্কৃতি অক্ষুণ্ন রেখে শিক্ষানীতি ঢেলে না সাজালে উদ্দেশ্য সফল হবে না

**চট্টগ্রাম ব্যুরো** ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে প্রস্তাবিত জাতীয় শিক্ষানীতি পর্যালোচনা ও সুপারিশ শীর্ষক দিনব্যাপী সেমিনারে আলোচকগণ অভিমত ব্যক্ত করে বলেছেন, জাতীয় শিক্ষানীতিতে জাতীয় ঐকমত্যের প্রতিফলন ঘটেনি। কমিশন গঠনকালে দলমতের উর্ধ্বে উঠে আরো অধিক সংখ্যক শিক্ষাবিদকে কমিশনের অন্তর্ভুক্ত করা উচিত ছিল। তারা বলেন, নিজস্ব সংস্কৃতি ও স্বকীয়তাকে অক্ষুণ্ন রেখে শিক্ষানীতি ঢেলে সাজানো না গেলে উদ্দেশ্য কখনো সফল হবে না। গ্লোবাইলাইজেশনের নামে বিশ্বব্যাপী যে নয়া সাম্রাজ্যবাদের রাজত্ব শুরু হচ্ছে তাতে সতর্কভাবে পথ না চললে বিপর্যয়ের আশংকা রয়েছে। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আয়োজিত এ সেমিনারের উদ্বোধন করেন ভিসি প্রফেসর এম এ মান্নান। সেমিনার ৪টি পর্বে অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানের পর প্রথম অধিবেশনে প্রস্তাবিত জাতীয় শিক্ষানীতি ঃ প্রাথমিক ও মাধ্যমিক পর্যায় শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করে ডঃ মমতাজ উদ্দিন পাটোয়ারী। শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর হামিদা বানুর সভাপতিত্বে এ অধিবেশনে আলোচনায় অংশ নেন প্রফেসর ডঃ হারুন অর রশিদ, সাবেক প্রোভিসি প্রফেসর এম বদিউল আলম, ডঃ আসলাম ভূঁইয়া, ডঃ সিদ্দিক আহমেদ চৌধুরী, ডঃ রনজিত দে, ডঃ বেলায়েত হোসেন।

তৃতীয় অধিবেশনে প্রস্তাবিত জাতীয় শিক্ষানীতি ঃ উচ্চতর শিক্ষা ও গবেষণা শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রোভিসি প্রফেসর ডঃ মাহবুব উল্লাহ। প্রফেসর ডঃ অনুপম সেনের সভাপতিত্বে এ পর্বে আলোচনায় অংশ নেন প্রফেসর ডঃ ফসিউল আলম, ডঃ হরেন্দ্র কান্তি দে, ডঃ হাসান মোহাম্মদ, ডঃ ইশরাদ কামাল প্রমুখ। উন্মুক্ত আলোচনা ও সুপারিশ প্রণয়ন পর্বে সভাপতিত্ব করেন সাবেক প্রোভিসি প্রফেসর আলী ইমদাদ খান। এতে শিক্ষক ও ছাত্র-ছাত্রীরা আলোচনায় অংশ নেন।